

কারারুদ্ধ গোলাম আজম

মখদুম আজম মাশরাফী

আজ চল্লিশ বছর পর মনে হলো, ধর্মের কল বাতাসে দুলাছে-
ধর্মবিকৃতকারী, জ্ঞানোভিমানীর নূরানী চেহারায়-
দাড়িতে, টুপিতে যেন এসে বসেছে শত কালো চামচিকে।
সেই চামচিকের শানিত নখ আর ভয়াল চোখে নৃশংস অতীত বন্দি হয়ে আছে।
বাংলার অসংখ্য বন্ধভূমিতে চাঁপা আর্তস্বরে আজ সুপ্ত গুঞ্জন কেঁপে উঠেছে।
যেন অসংখ্য শহীদ আর নিষ্পাপ করুণ লাশদের অশান্ত আত্মারা কালো ছায়া হয়ে
দুর্যোগ রাতের মত নেমে এসেছে পাপিষ্ঠ পশুর ওপর আঘাত হানতে।

আজ আল্লাহর আরশ থেকে নিয়তির ঝড়ো বাতাসে কাঁপছে পৃথিবী...

শহীদি আত্মারা এখন অশান্ত, বেদনার বিদ্ধ শরে রুদ্ধ থাকা চল্লিশটি বছরের প্রতীক্ষা ভেঙ্গে
ওরা আজ অস্থিরচিত্ত রোরুদ্ধমান...
ওদের পাখা ঝাপটানি আর নিঃশব্দ আর্তনাদের ভেতরে জেগে উঠেছে ঝড়ে সংক্ষুব্ধ সাতটি সমুদ্র।

শান্তি...শান্তি....বলে ওদের শুষ্ক পিপাসার স্বর
বড় ক্ষীণ, বড় ক্লান্ত, বড় অবসন্ন এতটা দীর্ঘ সময়।
আজ ওরা মেঘনা, যমুনা আর পদ্মার উত্তাল বুকভরা পানযোগ্য পানির পিপাসা মেটাতে
ছুটে এসে জড়ো হয়েছে ঢাকার কারার করাল দুয়ারে।

শান্তির জল ভরা সত্য সমাগত আজ বৃষ্টি দিয়ে ভেজাতে ভূবন.....

আজ এসো বাংলার মুক্তিপ্রিয় প্রানের মিছিল,
অশ্রুজলের মুক্তো দিয়ে মালা গেঁথে আবার পরাই ওদের এই গৌরবের দিনে।

মেলবর্ন

১১ জানুয়ারী ২০১২